অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/26/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির জন্য 200 মিলিয়ন মার্কিন ডলার তহবিল উপলভ্য থাকার ঘোষণা করলেন

কর্মসূচিগুলির মতো তহবিল 1 বিলিয়ন মার্কিন ডলারের মাইলফলক স্পর্শ করলো, পুরো নিউ ইয়র্ক স্টেটের 93টি সম্প্রদায় ইতিমধ্যে অর্থলাভ করেছে

নিউ ইয়র্ককে ব্যবসা, পরিবার ও দর্শনার্থীদের জন্য আকর্ষণীয় করার মাধ্যমে কর্মসূচিগুলি আঞ্চলিক অর্থনৈতিক বিকাশের লক্ষ্যকে সমর্থন অব্যাহত রেখেছে

3,000 এর বেশি নতুন আবাসন ইউনিট তৈরির মাধ্যমে আবাসন সরবরাহ বিস্তৃত করা এবং ক্রয়ক্ষমতা বৃদ্ধি করার গভর্নরের প্রতিশ্রুতিকে অগ্রসর করে

স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড সম্প্রদায়সমূহের ভবিষ্যৎ নিয়ে সর্বপ্রথম ফোরাম সিরাকিউজে আয়োজিত

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেটের দুইটি সিগনেচার ডাউনটাউন পুনরুজ্জীবন ও অর্থনৈতিক বিকাশ কর্মসূচির মাধ্যমে 200 মিলিয়ন মার্কিন ডলার তহবিল উপলভ্য করা হয়েছে, ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) রাউন্ড 7 এবং NY ফরোয়ার্ডের (NY Forward) রাউন্ড 2 উভয়ে 100 মিলিয়ন মার্কিন ডলার করে পাবে, যার উদ্দেশ্য ক্ষুদ্রতর এবং গ্রামীণ ডাউনটাউন পুনরুজ্জীবন। এই বছরের তহবিলের ফলে 2016 সাল থেকে কর্মসূচি দুইটির সকল রাউন্ড মিলিয়ে স্টেটের মোট বিনিয়োগ হলো 1 বিলিয়ন মার্কিন ডলার। একত্রে, কর্মসূচি দুইটি স্টেটের প্রতিটি অঞ্চলের 93টি সম্প্রদায়কে 800 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড ওয়েবসাইটে আবেদনপত্র পাওয়া যাবে। আবেদন করার শেষ সময় 29 সেপ্টেম্বর, বিকাল 4টা।

"এই দুইটি কর্মসূচি পুনরুজ্জীবনের একটি জোয়ার তৈরি করেছে যা পুরো স্টেটকে সুদূরপ্রসারিত করছে এবং এটির থামার কোনও লক্ষণ নেই," **গভর্নর হোকল বলেন।** "এই কর্মসূচিগুলি শুধু ডাউনটাউনগুলিকে পুনর্জীবিত করছে না, বরং এগুলি আমাদের অঞ্চলসমূহ এবং আমাদের সম্পূর্ণ স্টেটকে ব্যবসা, পরিবার ও পর্যটকদের জন্য বিশ্বমানের একটি গন্তব্যে পরিণত করছে। কর্মসূচিগুলি DRI এর মূল ভিশন পূরণ করছে যা ছিলো প্রতিটি অঞ্চলে সকল আকৃতি, আকার

এবং চরিত্রের প্রাণবন্ত ডাউনটাউনের একটি অতি গুরুত্বপূর্ণ সমাহার তৈরি করা যাতে ব্যবসাসমূহকে নিউ ইয়র্ক স্টেটে বিনিয়োগ ও অবস্থান স্থাপন করতে আকৃষ্ট করা যায়।"

এছাড়াও গভর্নর হোকল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির অতীত, বর্তমান ও ভবিষ্যৎ নিয়ে সিরাকিউজে স্টেটের সর্বপ্রথম ফোরাম আয়োজন করেছেন। "স্টেটের DRI এবং NY ফরোয়ার্ড সম্প্রদায়সমূহের ভবিষ্যতের জন্য একটি রেট্রোস্পেকটিভ" শীর্ষক ফোরামটিতে DRI এর প্রথম পাঁচ রাউন্ডে নির্বাচিত সম্প্রদায়সমূহের মেয়রগণ এবং সেই সাথে DRI গুলির সাথে জড়িত এবং এতে বিনিয়োগ করা বেসরকারি স্টেকহোল্ডারগণ ছিলেন, তারা দুইটি কর্মসূচির ভবিষ্যতকে অবগত করতে পরামর্শ, অন্তর্দৃষ্টি, যেই শিক্ষা পেয়েছেন এবং সুপারিশ প্রদান করবেন এবং সম্ভাব্য যাবে আবেদনকারীদের অংশগ্রহণ করার সুবিধা সম্পর্কে শিক্ষিত করবেন।

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "ডাউনটাউন বিনিয়োগ হলো অর্থনৈতিক বিকাশ, জীবনযাত্রার মান, টেকসই দশা এবং আবাসনে বিনিয়োগ যা আগামী বছরগুলিতে বহুগুণ বৃদ্ধি পাবে এবং লভ্যাংশ সৃষ্টি করবে। আমাদের সফল DRI এবং নিউ ইয়র্ক ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে আমাদের বিনিয়োগ করা প্রতিটি মার্কিন ডলার বহুমাত্রিক অতিরিক্ত বিনিয়োগ নিয়ে আসে, সেই সাথে এটি এলাকায় আরো মানুষ, পরিবার এবং ব্যবসাকে আকৃষ্ট করে যারা এলাকায় বিভিন্ন ধরনের সুযোগ সুবিধা ও কর্মসংস্থান প্রদানের মাধ্যমে স্থানীয় সরকার ও এলাকার বর্তমান ব্যবসাসমূহকে সমর্থন করে। DRI এবং NY ফরোয়ার্ডের সূত্র কাজ করছে, এটি সরকারি/বেসরকারি অংশীদারিত্বের একটি প্রতিনিধি যা বাকি দেশের জন্য আদর্শ হিসেবে কাজ করতে পারে।"

স্টেটের দশটি অঞ্চলের প্রতিটিতে ডাউনটাউন ও এলাকার পুনরুজ্জীবনকে ত্বরান্বিত ও বলীয়ান করতে 2016 সালে DRI শুরু করা হয়, যাতে তারা কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে এবং বর্ধিত স্থানীয় বিনিয়োগের অনুঘটক হিসেবে কাজ করতে পারে। স্টেট বিভাগের (Department of State, DOS) নেতৃত্বে, DRI সম্প্রদায়সমূহ নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research & Development Authority, NYSERDA) থেকে অংশীদারিত্ব ও সমন্বিত কারিগরি সহায়তা লাভের সুবিধা পেয়ে থাকে। DRI একটি নজিরবিহীন উদ্ভাবনী "পরিকল্পনার-পর-পদক্ষেপ" কৌশল ব্যবহার করে এবং কৌশলী পরিকল্পনাকে তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে জোটবদ্ধ করে। গতানুগতিক আবেদনের পাশাপাশি, এই বছর একটি নতুন সুযোগ নিয়ে আসা হয়েছে যেখানে দুই বা তিন সম্প্রদায় মাইক্রো আঞ্চলিক পর্যায়ে একটি মিশ্র পুনরুজ্জীবনের জন্য যৌথভাবে একটি DRI এর জন্য আবেদন করতে পারবে।

এখন পর্যন্ত DRI এর প্রথম ছয়টি রাউন্ডে 69টি সম্প্রদায় কে মোট 700 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে এবং 3,000 এর বেশি নতুন আবাসন ইউনিট তৈরি সমর্থন করেছে।পুনরুজ্জীবন ত্বরান্বিত হওয়া এবং প্রকল্পের কাজ শেষ হওয়ার সাথে সাথে DRI এ বিনিয়োগ করা প্রতিটি মার্কিন ডলার অতিরিক্ত আনুমানিক 3 মার্কিন ডলার বিনিয়োগ সৃষ্টি করে। DRI এবং NY ফরোয়ার্ড

সম্প্রদায়সমূহে তাদের সকল প্রকল্পের কাজ শেষ করার অনেক দিন পর পর্যন্ত এই অনুঘটকের প্রভাব থেকে যাবে।

গত বছরের বাজেটের অংশ হিসেবে গভর্নর হোকল 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচি ঘোষণা করেছেন যা DRI এর সাফল্যের উপর ভিত্তি করে গঠিত হয়েছে এবং পুরো স্টেটের আরো সম্প্রদায়ের কাছে এর সুবিধা পৌঁছে দিবে। উদ্ভাবনী নতুন কর্মসূচিটি, যা এই বছরের প্রণীত স্টেট বাজেটে অতিরিক্ত 100 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পেয়েছে, তা হ্যামলেট ও গ্রামের দিকে মনোযোগ কেন্দ্রীভূত রেখে নিউ ইয়র্কের ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়গুলির জন্য আরো ন্যায্য ডাউনটাউন পুনরুদ্ধারকে সমর্থন করে। NY ফরোয়ার্ড এর উদ্দেশ্য হলো ক্ষুদ্রতর সম্প্রদায়সমূহকে সেবাদান করা এবং স্থানীয় অর্থনীতিকে সমর্থন করা যাদের প্রায়শই এমন একটি অনুভূতি ও আকর্ষণ থাকে যা DRI এর মাধ্যমে অর্থায়িত বৃহত্তর, মেট্রোপলিটন শহুরে কেন্দ্র থেকে স্বতন্ত্র। এখন পর্যন্ত, NY ফরোয়ার্ড এর প্রথম রাউন্ডে 24টি সম্প্রদায়কে 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

DRI এর মতো, DOS এবং নির্ধারিত একজন কনসালটেন্ট NY ফরোয়ার্ড সম্প্রদায়ের সাথে কাজ করে একটি পরিকল্পনা ও কারিগরি সহায়তা প্রক্রিয়ার মধ্যে দিয়ে সহজে বাস্তবায়নযোগ্য প্রকল্পের একটি স্লেট তৈরি করবে। তবে NY ফরোয়ার্ডের পার্থক্য হলো, সম্প্রদায়সমূহকে তাদের সম্পূর্ণ আবেদন প্রস্তুত এবং পুরো বাস্তবায়ন প্রক্রিয়ার মধ্যে দিয়ে সমর্থন করতে তারা অতিরিক্ত এক-এক কারিগরি সহায়তা প্রদান করে। এছাড়াও NY ফরোয়ার্ড প্রত্যেক অঞ্চলে দুইটি অর্থায়নের বিকল্প প্রদান করে - দুইটি 4.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান বা একটি 4.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান এবং দুইটি 2.25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান।

একটি শিক্ষামূলক ব্রোশারে DRI এবং NY ফরোয়ার্ডের মধ্যকার মিল ও অমিল আরো ভালোভাবে বর্ণিত আছে, যা DRI এবং NY ফরোয়ার্ড ওয়েবসাইটগুলিতে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "বাসিন্দা, ব্যবসা ও স্টেকহোল্ডারদের নকশা করা স্থানীয় কেন্দ্রিক কৌশল গ্রহণ করার মাধ্যমে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচি আমাদের ডাউনটাউন এলাকাগুলিতে নতুন প্রাণসঞ্চার করছে। এই কর্মসূচিগুলি স্টেটজুড়ে সম্প্রদায়সমূহে সফল প্রকল্প তৈরি করা অব্যাহত রাখছে এবং নতুন বিনিয়োগ সৃষ্টি ও অর্থনৈতিক প্রবৃদ্ধির বিস্তার করার জন্য প্রয়োজনীয় অনুঘটক হিসেবে কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচি পুরো স্টেটের 93টি সম্প্রদায়ের পুনরুজ্জীবনে প্রায় এক বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, এবং আজকের ঘোষণা নিশ্চিত করবে যাতে আরো অনেক সম্প্রদায় শীঘ্রই উদ্ভাবনী এই দুটি কর্মসূচির সৃষ্ট সার্বিক সুযোগ সুবিধা লাভ করে। নিউ ইয়র্কের প্রতিটি অঞ্চলে বুদ্ধিমান, অভীষ্ট এবং কৌশলী বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক পুনরুজ্জীবনের জন্য গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "গভর্নর হোকলের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচি হলো সার্বিক স্টেটব্যাপী অর্থনৈতিক বিকাশ কৌশলের অতি গুরুত্বপূর্ণ একটি অংশ যা নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে সরকারি ও বেসরকারি বিনিয়োগ নিয়ে আসা অব্যাহত রাখে। ডাউনটাউন এলাকাগুলিকে পুনর্জীবিত করা এবং সম্প্রদায়সমূহকে বসবাস, কাজ ও বেড়ানোর আরো আকর্ষণীয় স্থানে পরিণত করার সার্বিক পরিকল্পনার অংশ হিসেবে উন্নত শক্তি পারফর্ম্যান্স, স্থিতিস্থাপকতা, এবং আরো স্বাস্থ্যকর ভবন অর্জন করতে প্রকল্পগুলিকে কারিগরি সহায়তা সমর্থন প্রদান করতে পেরে NYSERDA খুশি।"

ওসওয়েগো মেয়র বিলি বারলো বলেন, "বারোটি প্রকল্পের প্রত্যেকটির নির্মাণকাজ শেষ করে এবং সেগুলি সফলভাবে পরিচালনা করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের প্রথম হিসেবে আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সম্পূর্ণ করতে পেরে ওসওয়েগো অত্যধিকভাবে গর্বিত। DRI সত্যিই আমাদের সম্প্রদায়কে রূপান্তরিত করে দিয়েছে, আমাদের ডাউনটাউনে নতুন ভবন, আকর্ষণ ও উন্নয়ন করতে মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ যুক্ত করেছে এবং ওসওয়েগোকে দীর্ঘমেয়াদি সাফল্য এবং আগামী বছরগুলিতে বিকাশ অব্যাহত রাখার অবস্থানে স্থাপন করেছে। উন্মোচিত বহু সম্ভাবনা দিয়ে সম্প্রদায়সমূহের পুনঃকল্পনা ও পুনরুজ্জীবনে সহায়তা করার জন্য ভবিষ্যতে এই কর্মসূচিগুলিতে আবেদন করার জন্য স্টেটব্যাপী অন্যান্য মিউনিসিপ্যালিটিগুলিকে আমি দৃঢ়ভাবে উৎসাহিত করছি। DRI কে ওসওয়েগোর জন্য এতো সফল করতে একত্রে কাজ করার জন্য গভর্নর হোকল, স্টেট বিভাগ এবং সকল সম্প্রদায়ের অংশীদারের সমর্থনের আমি প্রশংসা করছি।"

সেন্টারস্টেটের (CenterState) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রবার্ট সিম্পসন বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে আমাদের সম্প্রদায়সমূহে স্টেট যে বিনিয়োগ করেছে তা আমাদের অঞ্চলকে আরো দৃঢ়, আরো প্রাণবন্ত স্থানের চেতনা তৈরি করতে সাহায্য করেছে। যখন দ্রুত আসন্ন প্রভাব ও প্রবৃদ্ধির জন্য আমরা প্রস্তুত হচ্ছি, তখন এইসব নবায়িত বিনিয়োগ আমাদেরকে এমন প্রকল্প অগ্রসর করা অব্যাহত রাখতে দিবে যা আমাদের উচ্চ জীবনযাত্রার মান সমর্থন করবে এবং প্রতিভাকে আকৃষ্ট করবে। গভর্নর হোকলের নেতৃত্বের জন্য তার প্রতি এবং এইসব বিনিয়োগকে সকলের জন্য সর্বোচ্চ লাভজনক করতে প্রকল্পসমূহের নেতৃত্ব দানকারী সৎ হানীয় অংশীদারদের প্রতি আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ওসওয়েগোর ইনচার্জ অফিসার ডাঃ ম্যারি সি. টোয়াল বলেন, "উদ্ভাবনী DRI এবং NY ফরোয়ার্ড উভয় কর্মসূচির মধ্যে দিয়ে নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়সমূহে এর ছোট বড় বিনিয়োগ একইসাথে ভিশনারি এবং কার্যকর। প্রথম রাউন্ডের এক প্রাপক ওসওয়েগো হলো এর সকল DRI প্রকল্পের কাজ শেষ করা প্রথম শহর। এই অর্জন হলো সিটির নেতৃত্ব, SUNY ওসওয়েগোসহ সম্প্রদায়ের সকল স্টেকহোল্ডারদের সাথে একত্রে কাজ করার অবিচল প্রতিশ্রুতি, এবং এরই কৌশলী পরিকল্পনা ও প্রকল্পের ব্যবস্থাপনা। আপনার নেতৃত্বের জন্য ধন্যবাদ গভর্নর হোকল।"

নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক বিকাশ পরিষদের (New York State Economic Development Council, NYSEDC) নির্বাহী পরিচালক রায়ান সিলভা বলেন, "সূচনার শুরু থেকেই ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার বেসরকারি খাতের বিনিয়োগ নিয়ে এসেছে, এলাকার পুনঃকল্পনা করেছে, সম্প্রদায়কে রূপান্তরিত করেছে, এবং NYS জুড়ে জীবনযাত্রার মান উন্নত করেছে। DRI এবং NY ফরোয়ার্ড কর্মসূচি সরকারি বেসরকারি অংশীদারিত্বের ব্যবস্থা করেছে এবং পরিকল্পনা তৈরি ও তাদের সম্প্রদায়ের ভবিষ্যৎ গঠন করবে এমন প্রকল্প সনাক্ত করার জন্য স্থানীয় শহর, টাউন, এবং গ্রামের ক্ষমতায়ন করেছে। এই কর্মসূচিগুলির মাধ্যমে হওয়া বিনিয়োগ এবং অর্থনৈতিক বিকাশের সমর্থনের ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্ব এবং অব্যাহত সমর্থনের জন্য NYSEDC এবং আমাদের সদস্যরা তার প্রশংসা করছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418